



উত্তরা ব্যাংক লিমিটেড

স্টেশনারী এন্ড রেকর্ডস ডিপার্টমেন্ট

প্রধান কার্যালয়

৪৭, শহীদ বীর উত্তম আশফাকুস সামাদ সড়ক, ঢাকা-১০০০।

ব্যাংকের স্টেশনারী সামগ্রী সরবরাহের জন্য দরপত্র বিজ্ঞপ্তি

ব্যাংকের প্রয়োজনীয় স্টেশনারী সামগ্রী চাহিদা মোতাবেক সরবরাহ করার জন্য অভিজ্ঞতা সম্পন্ন অর্থাৎ যে কোন ব্যাংকে বর্তমানে স্টেশনারী সামগ্রী সরবরাহ করে আসছে এরূপ প্রতিষ্ঠিত প্রতিষ্ঠানের নিকট হতে স্টেশনারী সামগ্রী সরবরাহের জন্য সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্রের বিস্তারিত সিডিউল উত্তরা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয় এর অনুকূলে তফসিলীভুক্ত যে কোন বাণিজ্যিক ব্যাংকের শাখা থেকে ক্রয়কৃত ১,০০০/- (এক হাজার) টাকার পেমেন্ট অর্ডার (অফেরৎ যোগ্য) জমা সাপেক্ষে উত্তরা ব্যাংক লিমিটেড, স্টেশনারী এন্ড রেকর্ডস ডিপার্টমেন্ট (৮ম তলা), প্রধান কার্যালয়, ৪৭, শহীদ বীর উত্তম আশফাকুস সামাদ সড়ক, ঢাকা হইতে ২৮ জুন ২০২২ ইং তারিখ পর্যন্ত যে কোন কর্ম দিবসে অফিস চলাকালীন সময়ে সরবরাহ করা হবে।

সিডিউল সংগ্রহের সময় হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর সনদপত্র, ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেট এবং ব্যাংকের স্টেশনারী সামগ্রী সরবরাহ কাজের অভিজ্ঞতার সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে যাহা প্রয়োজনীয় নিরীক্ষার পর ফেরৎ দেওয়া হবে। উক্ত সনদপত্র সমূহের সত্যায়িত ফটোকপি সহ আগামী ২৯ জুন ২০২২ ইং তারিখ বেলা ২.০০ (দুই) ঘটিকার মধ্যে অত্র অফিসের ৮ম (অষ্টম) তলায় রক্ষিত টেন্ডার বাক্সে রাখা করতে হবে এবং ঐ দিনই বেলা ২.৩০ ঘটিকায় দরপত্র দাতা বা তাদের প্রতিনিধিদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে। সরবরাহের কাজে অভিজ্ঞতা নাই এমন প্রতিষ্ঠানের দরপত্রে অংশগ্রহণ করার কোন প্রয়োজন নাই। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন অথবা সকল দরপত্র গ্রহণ বা বাতিলের অধিকার সংরক্ষণ করে।

নির্বাহী মহা-ব্যবস্থাপক

ও

চেয়ারম্যান, টেন্ডার কমিটি

সাইজ : ৫'X ২ কলাম